ISO 9001:2015
Certified

# কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১
Comilla Palli Bidyut Samity-1

সদর দপ্তর
চান্দিনা, কুমিল্লা
ফোনঃ ০৮০২২ ৫৬১৩১
০৮০২২ ৫৬১৪৩
E-mail: comillapbs01@gmail.com
Web: pbs1.comilla.gov.bd

স্মারক নং-২৭.১২.১৯২৭.৫০৩.০২.০০৮.২০২৪. ৩৪৮০

তারিখঃ ২০ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
০৪ সেপ্টেম্বর ২০২৪ খ্রিঃ

## ''নিয়োগ বিজ্ঞপ্তি''

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিম্নোক্ত পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্তে আগ্রহী বাংলাদেশী প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

| পদের নাম | পদ সংখ্যা | বয়স | বেতন স্কেল | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|---|---|
| ড্রাইভার | ০১ টি | বয়স ন্যূনতম ১৮ বছর হতে সর্বোচ্চ ৪৫ বছর | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৬,৬০০.০০ হতে ৪১,৯৫০.০০ টাকাসহ পবিস নির্দেশিকা সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি | ক) প্রার্থীকে সাবলীলভাবে বাংলা লেখা ও পড়াসহ ন্যূনতম ইংরেজী শব্দ ও সংখ্যা পড়তে সক্ষম হতে হবে। নির্দেশিকা, দিক নির্দেশ পরিচালনা, সাংকেতিক চিহ্ন বুঝা, পূর্ণ প্রতিবেদন এবং সময়সূচী পড়ার পর্যাপ্ত সামর্থ্য থাকতে হবে।<br>খ) প্রার্থীর BRTA কর্তৃক প্রদত্ত (হালকা) বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে এবং লাইসেন্স এর সত্যায়িত অনুলিপি আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।<br>গ) প্রার্থীকে যে কোন সরকারী/ আধাসরকারি/ স্বয়ত্বশাসিত/ বৃহৎশিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে গাড়ী চালনাসহ রক্ষণাবেক্ষণ কাজে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির পর উল্লেখিত প্রতিষ্ঠান সমূহের কর্মকালকে অভিজ্ঞতার কর্মকাল হিসেবে গণ্য হবে। পরিচ্ছন্ন ড্রাইভিং রেকর্ড থাকতে হবে। বিগত ০৩ (তিন) বছরের মধ্যে বড় ধরণের কোন দূর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রত্যায়ন পত্র আবেদন পত্রের সাথে জমা প্রদান করতে হবে।<br>ঘ) লিখিত ও মৌখিক পরীক্ষায় ছোট ধরণের ইঞ্জিন রিপিয়ারিং, টিউন আপ,সাধারণ রক্ষণাবেক্ষণ জ্ঞান সম্পর্কে যাচাই করা হবে।<br>ঙ) প্রার্থীকে গাড়ী চালনা পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>চ) পবিস এর অনুমোদিত ডাক্তার দ্বারা প্রার্থীরস্বাস্থ্য পরীক্ষাসহ দৃষ্টিশক্তি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে<br>ছ) ১৯-০৯-২০২৪ খ্রিঃ তারিখে সর্বনিম্ন বয়স ১৮ বছর এবং সর্বোচ্চ বয়স সীমা ৪৫ বছর হতে হবে |

**শর্তাবলীঃ**

০১। উল্লেখিত পদে নিয়োগ লাভে আগ্রহী প্রার্থীগণকে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েবসাইট (www.pbs1.comilla.gov.bd) অথবা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েবসাইট (www.reb.gov.bd) হতে A 4 সাইজের কাগজে (ফরম নং পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড করে সংগ্রহ করতে হবে (পূরণযোগ্য প্রবেশপত্রসহ)। সংগৃহীত আবেদন ফরম স্ব-হস্তে পূরণ পূর্বক জেনারেল ম্যানেজার, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে ১০০.০০ (একশত) টাকা মূল্যমানের পোষ্টাল অর্ডার/অগ্রনী ব্যাংক হতে ১০০.০০ (একশত) টাকা মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদন পত্রের সাথে সংযুক্ত করতঃ **আগামী ১৯-০৯-২০২৪ খ্রিঃ** তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চান্দিনা, কুমিল্লা এর ঠিকানায় প্রয়োজনীয় কাগজপত্রসহ ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। সরাসরি কোন আবেদন গ্রহনযোগ্য হবে না। এছাড়াও সাদা কাগজে লিখিত বা টাইপকৃত আবেদন পত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনও বাতিল বলে গণ্য হবে।

**০২। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ**

ক) ছবির পিছনে প্রার্থীর নাম লিখা সম্বলিত ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।

খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্রের সত্যায়িত কপি। (মার্কশীট/প্রশংসা পত্র গ্রহণযোগ্য নয়)

গ) জাতীয় পরিচয় পত্র/ জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি।

ঘ) ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত অনুলিপি ।

ঙ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/ পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব ও চারিত্রিক সনদপত্র।

চ) ১০০ (একশত) টাকা মূল্যমানের পোষ্টাল অর্ডার/অগ্রনী ব্যাংক লিমিটেড এর যে কোন শাখা হতে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে, ১০০.০০ (একশত) টাকা মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট।

ছ) অভিজ্ঞতা সনদ পত্রের সত্যায়িত অনুলিপি।

০৩। ড্রাইভার পদে প্রার্থীর বয়স ১৮ হতে সর্বোচ্চ ৪৫ বছর হতে হবে।

০৪। অসম্পূর্ণ আবেদনপত্র তথা নির্ধারিত আবেদন পত্রটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বেই বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদন পত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেই ক্ষেত্রে **''প্রযোজ্য নয়''** উল্লেখ করতে হবে।

০৫। প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা , জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা নিজ জেলাসহ আবেদন পত্রের প্রদত্ত অন্যান্য যে কোন তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতিপূর্ণ প্রমাণিত হলে তার প্রার্থীতা বাতিল করা হবে।

০৬। প্রার্থীকে অবশ্যই ভদ্র ও প্রফুল্ল চিত্তে জনসাধারণের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে। উত্তীর্ণ প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য **''অন-প্রবেশনে''** নিয়োগ প্রদান করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থী যোগদানের সময় স্থানীয় সিভিল সার্জন/পবিসের রিটেইনার চিকিৎসকের নিকট হতে সুস্থতার স্বাস্থ্যগত সার্টিফিকেট (Dope Test রিপোর্টসহ), স্বীকৃত চক্ষু বিশেষজ্ঞের নিকট হতে চোখের সুস্থতার সার্টিফিকেট দাখিল করতে হবে। অন-প্রবেশন কালে অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন, প্রযোজ্য ক্ষেত্রে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-১৭, ৩০০-২৪ এবং ৩০০-৫১ মোতাবেক) শর্ত সাপেক্ষে সমিতির নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন পরিধিতে নিয়মিত করা হবে।

০৭। অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীদের রক্তের কেউ অথবা তাদের স্বামী/স্ত্রী-দের রক্তের সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই। এ সংক্রান্ত যে কোন তথ্যের সত্যতা প্রমাণিত হলে যেকোন সময়ে তার প্রার্থীতা বাতিল করা হবে।

০৮। প্রতারণামূলক ভাবে স্থায়ী ঠিকানা ভুল দেওয়া হলে অথবা তথ্য গোপন রাখলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯। সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১০। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত স্মারক নং-`০৫.০০.০০০০.১৭০.১১.০১৪..২৪.১৪১, তারিখঃ ২৩/০৭/২০২৪ খ্রিঃ মোতাবেক সরকারের বিদ্যমান সংশোধিত কোটা পদ্ধতি প্রযোজ্য হবে। কুমিল্লা পবিস-১ এর ভৌগোলিক এলাকার (চান্দিনা/বরুড়া/দেবিদ্বার/মুরাদনগর উপজেলা) প্রার্থীগন আবেদন করতে পারবেন না।

১১। অন্য কোন সংস্থা অথবা কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্তকৃত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই। প্রতারণা করে অথবা কোন তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে কোন তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি দাখিল করতে হবে।

১৩। খামের উপর অবশ্যই বড় অক্ষরে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।

১৪। যে কোন পদের জন্য তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে।

১৫। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

০৪/০৭/২৪

(মোহাম্মদ আবু রায়হান)
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ**

০১। নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।
০৩। পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।
০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য)
০৫। একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।
০৬। নোটিশ বোর্ড, ওয়েব সাইট, কুমিল্লা পবিস-১।
০৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুমিল্লা জোন।
০৮। জেলা প্রশাসক, কুমিল্লা।
০৯। পুলিশ সুপার, কুমিল্লা।
১০। জেনারেল ম্যানেজার/সিনিয়র জেনারেল ম্যানেজার.....................পবিস ১/২/৩/৪।
১১। ডিজিএম (কোম্পানীগঞ্জ/দেবিদ্বার/বরুড়া/বাঙ্গারা) / সদর কারিগরী, কুমিল্লা পবিস-১।
১২। এজিএম (ইএন্ডসি/ওএন্ডএম/পিএন্ডএম/প্রশাসন/এইচআর/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/সদস্য সেবা), কুমিল্লা পবিস-১।
১৩। এজিএম (আইটি), কুমিল্লা পবিস-১। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
১৪। এজিএম (ওএন্ডএম), নবাবপুর/পয়ালিগাছা/মুরাদনগর/রামমোহন/কুটুম্বপুর সাব-জোনাল অফিস, কুমিল্লা পবিস-১।
১৫। অফিস কপি/মাস্টার কপি।

০৪/০৭/২৪

(মোহাম্মদ আবু রায়হান)
জেনারেল ম্যানেজার

ফরম নং পমাসপ ১১০-০০২
ভার্সন: ০১
অনুমোদিত: ২৭/০৪/২০১৪

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১
চান্দিনা, কুমিল্লা

## কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ড্রাইভার পদে নিয়োগ/প্যানেল তৈরীর আবেদন ফরম।

**(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)**

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর গেজেটেডকর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

জেনারেল ম্যানেজার
কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১
চান্দিনা, কুমিল্লা।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং -.......................................... .................................... ..............................

২. আবেদনকৃত পদের নাম (বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

৩. পদের ধরণ

........................................................................... ................................................

৪. বিজ্ঞাপনের সূত্র/ পত্রিকার নামঃ

৫. প্রকাশনার তারিখঃ

...................................................... ................................................... ....................................

৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) (বড় হাতের অক্ষরে ইংরেজীতে)

৭. জন্ম তারিখ (সনদ/নিবন্ধন অনুযায়ী)

............................................................ ......................... (দিন/মাস/বছর)

৮. মাতার নাম

৯. বয়স (১৯-০৯-২০২৪ খ্রিঃ তারিখে)

............................................................ ..........................................

১০. পিতার নাম

১১. ধর্ম

............................................................ ..............................................

১২. জাতীয়তা

১৩. নিজ জেলা

............................................................

১৪. টেলিফোন/ মোবাইল নম্বর

১৫. বৈবাহিক অবস্থা টিক (√) দিন ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিন ঃ

☐ মহিলা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র / কন্যা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র / কন্যার পুত্র / কন্যা ☐ এতিম ও শারিরীক প্রতিবন্ধি

☐ উপজাতি ☐ আনসার ও গ্রাম প্রতিরক্ষা ☐ অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানাঃ

........................................... ......................................... ......................... ...........................

ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ চান্দিনা, কুমিল্লা

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/ নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক ঃ

.......................................... .......................................... .............................. ..............................

ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

............................................................ .............................................. ........................................................

১৯.ক) ব্যাংক ড্রাফট নং/পে-অর্ডার নং খ) ব্যাংক ড্রাফট/ পে-অর্ডারের মূল্য গ) ইস্যুর তারিখ

২০. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে) ঃ

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | জিপিএ/সিজিপিএ/বিভাগ/শ্রেণী | সার্টিফিকেট অর্জনের বছর |
|---|---|---|---|
| | | | |
| | | | |

২১. অভিজ্ঞতার বিবরণ(সনদ দ্বারা সমর্থিত হতে হবে): ................বৎসর।

২২. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যাক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মোবাইল নং (ই-মেইল ঠিকানা যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

২৩. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য প্রদেয় হবে)ঃ

| কর্মরত পবিসের নাম | পদের নাম | বর্তমান পদে মোট চাকুরীকাল | প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষণে উত্তীর্ণ কি-না(হ্যাঁ/না) জবাব হ্যাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে | পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রদত্ত হলে দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ(গুরুদন্ড/লঘুদন্ড) |
|---|---|---|---|---|
| | | | | |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত যে সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদন পত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে বাপবিবো/পবিসকর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে বাপবিবো/পবিসকর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

-------------------------------- ----------------------------------------

তারিখ আবেদনকারীর স্বাক্ষর

বিঃ দ্রঃ সরকারী/ আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১

চান্দিনা,কুমিল্লা।

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ চান্দিনা, কুমিল্লা

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

## লিখিত/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

# প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরণীয়)

প্রার্থীর রোল নম্বর ঃ ................................................................................

পরীক্ষার তারিখ ঃ ................................................................................

পরীক্ষার সময় ঃ ................................................................................

পরীক্ষা কেন্দ্রের নাম ঃ ................................................................................

পরীক্ষা কেন্দ্রের ঠিকানা ঃ ................................................................................

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর ঃ .............................................

(প্রার্থী/ আবেদনকারী কর্তৃক পূরণীয়)

**পদের নাম ঃ** ................................................................................

প্রার্থীর নাম ঃ ................................................................................

পিতার নাম ঃ................................................................................

প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুকঃ ..............................................

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ চান্দিনা, কুমিল্লা

## প্রার্থী/ আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশনাবলী

১। পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না।

২। নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেওয়া হবে না।

৩। উত্তর পত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠো ফোন ও ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

৫। চাকুরীর আবেদন পত্রের সংগে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তর পত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

৭। উল্লিখিত নিয়মাবলী ভংগ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরুপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্র বিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর সমিতির কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইননানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।